অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2021 **গভর্নর ক্যাথি হোকল**

নতুন লা গার্ডিয়া বিমানবন্দরের নির্মাণকাজ সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের জন্য বরাদ্দের ক্ষেত্রে রেকর্ড তৈরি করে 2 বিলিয়ন ডলার বরাদ্দ পেয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

এটি নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে যেকোনো সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ক্ষেত্রে MWBE ফার্মগুলোর সর্ববৃহৎ অংশগ্রহণের প্রতিনিধিত্ব করে

স্থানীয়, কুইন্স-ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠানগুলো মোট 775 মিলিয়ন ডলারের কন্ট্রাক্ট পাবে

গভর্নর ক্যাথি হোকল আজ একটি সম্পূর্ণ নতুন লা গার্ডিয়া বিমানবন্দরের রূপান্তরের ক্ষেত্রে একটি ঐতিহাসিক মাইলফলক ঘোষণা করেছেন, যেখানে সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে এখন পর্যন্ত রেকর্ড সৃষ্টিকারী 2 বিলিয়ন ডলারের কন্ট্রাক্ট প্রদান করা হয়েছে, যা নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে যেকোনো সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ক্ষেত্রে MWBE ফার্মগুলোর সর্ববৃহৎ অংশগ্রহণ। এছাড়াও এই পুনঃউন্নয়ন প্রকল্পে স্থানীয় পর্যায়ের কন্ট্রাক্টরদের সাথে কাজ করার উপর উল্লেখযোগ্যভাবে জোর দেয়া হয়েছে; এখন পর্যন্ত কুইন্স-ভিত্তিক স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে 775 মিলিয়ন ডলারের কন্ট্রাক্ট প্রদান করা হয়েছে। ইস্ট এলমহার্স্টে অ্যাস্টোরিয়া বুলেভার্ডে অবস্থিত লা গার্ডিয়া পুনঃউন্নয়ন প্রকল্পের কমিউনিটি কার্যালয়ে এই ঘোষণা প্রদান করা হয়, যেখানে লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন, নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন এবং বিমানবন্দর কমিউনিটির অন্যান্য সদস্য উপস্থিত ছিলেন।

"আরো বেশি অন্তর্ভুক্তিমূলক ও সমতাপূর্ণ অর্থনৈতিক পুনরুদ্ধারের দিকে এগিয়ে যেতে কাজ করে যাওয়ার এই সময়ে আজকের এই মাইলফলক অনেক বেশি গুরুত্বপূর্ণ, এবং এটি সরকারি কন্ট্রাক্টগুলোতে সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর অংশগ্রহণ 30 শতাংশে উন্নীত করার জন্য আমাদের জাতীয়-নেতৃত্বের লক্ষ্যের সাথে সঙ্গতিপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলো যাতে লা গার্ডিয়া বিমানবন্দরে দেশের অন্যতম বৃহৎ অবকাঠামো প্রকল্পের অ্যাক্সেস পেতে পারে সেজন্য প্রতিবন্ধকতা অপসারণ করা এবং কর্মক্ষেত্রে সমতা আনার জন্য পোর্ট অথোরিটির দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবের জন্য আমি তাদের প্রশংসা করি। দেশের অন্যতম নেতৃস্থানীয় পরিবহন সংস্থা হিসেবে, পোর্ট অথোরিটি আমাদের সমাজে আরো বেশি সমতা তৈরি করতে এবং বৃহৎ অবকাঠামো প্রকল্পগুলোর অর্থনৈতিক সুফল যাতে আমাদের সকল কমিউনিটির কাছে পৌঁছে যায় তা নিশ্চিত করতে কী করা যায় তা দেখিয়ে দিচ্ছে।"

লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন, **"আমরা যখন নিউ ইয়র্কবাসীরা পাওয়ার অধিকার রাখেন এমন একটি সম্পূর্ণ নতুন লা গার্ডিয়া বিমানবন্দর গড়ে তুলতে কাজ করছি, একইসাথে আমরা এটি নিশ্চিত করতেও কাজ করছি যাতে এই ঐতিহাসিক প্রকল্পের তৈরি করা সুযোগগুলো সব কমিউনিটির কাছে পৌঁছে যায়। আজকের ঘোষণা সবার জন্য আরো বেশি সমান ও সমতাপূর্ণ অর্থনীতি গড়ে তোলার জন্য আমাদের অঙ্গীকারের প্রমাণ, এবং এটি আমাদেরকে 30 শতাংশ MWBE অংশগ্রহণের লক্ষ্য অর্জনের দিকে অনেকদূর এগিয়ে নিয়ে যাবে। পোর্ট অথোরিটির অবিচল প্রচেষ্টা এবং ব্যাপক প্রচারণার জন্য আমি তাদের প্রশংসা করি যা আমাদেরকে এই মাইলফলক অর্জনে সাহায্য করেছে।"**

এই মাইলফলক এমন এক সময়ে অর্জিত হলো যখন নতুন বিমানবন্দরের উল্লেখযোগ্য অগ্রগতি ঘটছে এবং যাত্রী সংখ্যা বৃদ্ধি পেতে দেখা যাচ্ছে, যার মধ্যে মহামারী শুরুর সময় থেকে দৈনিক যাত্রী সংখ্যার ক্ষেত্রে একটি নতুন উচ্চ-মাত্রা অর্জন করাও অন্তর্ভুক্ত রয়েছে। বিমানবন্দরের পশ্চিম পাশে, নকশা তৈরির কাজে নেতৃত্ব প্রদানকারী স্ক্যানস্কা-ওয়ালশ (Skanska-Walsh) সহ লা গার্ডিয়া গেটওয়ে পার্টনার্স (LaGuardia Gateway Partners) দ্বারা নির্মাণকাজ চলমান থাকা নতুন টার্মিনাল বি, এটির চার-তলা, পর্যাপ্তভাবে আলোকিত অ্যারাইভাল ও ডিপারচার হল 2020 সালে খুলে দিয়েছে। এটির নতুন গেটগুলোর পরবর্তী সেকশন সামনের সপ্তাহগুলোতে খুলে দেয়া হবে, যা নতুন গেটের সংখ্যা 30-এ উন্নীত করবে, যেগুলো বিশ্বের প্রথম পথচারী চলাচলের দ্বৈত-স্কাইব্রিজ দিয়ে অ্যারাইভাল ও ডিপারচার হলের সঙ্গে সংযুক্ত দুইটি কনকোর্সজুড়ে বিস্তৃত।

বিমানবন্দরের পূর্ব পাশে, ডেল্টা এয়ার লাইন্স (Delta Air Lines)-এর নতুন টার্মিনাল সি অ্যারাইভাল ও ডিপারচার হলের নির্মাণকাজ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে এবং 2022 সালের বসন্তে চালু হবে বলে আশা করা হচ্ছে। বিমানবন্দরের সবচেয়ে পূর্ব পাশে এই টার্মিনালের প্রথম নতুন গেটগুলো 2019 সালে চালু হয়েছিল যেখান থেকে ফ্লাশিং বে-এর চমৎকার দৃশ্য দেখতে পাওয়া যায়। নির্মাণকাজ সম্পন্ন হয়ে গেলে 1.3 মিলিয়ন বর্গফুটের এই টার্মিনালে 37টি নতুন গেট থাকবে।

লা গার্ডিয়া বিমানবন্দরের পুনঃউন্নয়ন কর্মসূচিতে, ও সংস্থাব্যাপী MWBE-এর অংশগ্রহণ বৃদ্ধির জন্য, পোর্ট অথোরিটি এবং এর বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি বিষয়ক দপ্তর (Office of Diversity and Inclusion) বেশ কিছু সক্ষমতা গড়ে তোলার কর্মসূচি তৈরি করেছে যা ফার্মগুলোকে সময়ে সময়ে জটিল রূপ নিতে পারে এমন বিমানবন্দরের সাথে সম্পর্কিত ক্রয় প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন করার জন্য প্রস্তুত করেছে। স্থাপত্য ও প্রকৌশল ফার্মগুলোর প্রধানদের জন্য একটি একাডেমি, কন্ট্রাক্টরদের জন্য কোচিং কর্মসূচি যা ফার্মগুলোকে পোর্ট অথোরিটির কন্ট্রাক্টের জন্য আবেদন করার প্রশিক্ষণ প্রদান করে এবং নির্মাণকাজ সংক্রান্ত মেন্টরিং কর্মসূচি যা MWBE ফার্মগুলোকে বৃহৎ সরকারি নির্মাণকাজের প্রকল্পগুলোর জন্য দরপত্র জমা দেয়ার জন্য নিযুক্ত করে, প্রশিক্ষণ প্রদান করে ও মেন্টরিং করে, ফার্মগুলোকে MWBE সার্টিফাইড হয়ে উঠতে এবং এই খাতে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো গড়ে তুলতে সাহায্য করার জন্য কয়েক শতাধিক সেমিনার, ওয়েবিনার ও ফোরামের পৃষ্ঠপোষকতা করে থাকে।

একটি সম্পূর্ণ নতুন LGA-এর নির্মাণকাজ সূচনালগ্ন থেকেই আশেপাশের অঞ্চল-ভিত্তিক সম্মানিত সংস্থাগুলোর সাহায্য নিয়ে আশেপাশের কমিউনিটিগুলোর সাথে অর্থনৈতিক সুযোগ শেয়ার করতে অঙ্গীকারবদ্ধ থেকেছে। 2019 সাল থেকে, লা গার্ডিয়া ক্যারিয়ার সেন্টার (LaGuardia Career Center) - কাউন্সিল ফর এয়ারপোর্ট অপরচুনিটি, এলমকোর ইয়ুথ অ্যান্ড অ্যাডাল্ট অ্যাক্টিভিটিজ (Council for Airport Opportunity, Elmcor Youth & Adult Activities) এবং নেইবারহুড হাউজিং সার্ভিসেস অব কুইন্স (Neighborhood Housing Services of Queens) এর মধ্যকার একটি অংশীদারিত্ব - এর প্রচেষ্টায় 600 জনেরও বেশি লোক বিমানবন্দরে নতুন কর্মসংস্থান লাভ করেছে, যাদের প্রায় দুই-তৃতীয়াংশ কুইন্সের বাসিন্দা। শুধু 2021 সালেই, 225 জন ব্যক্তি বিমানবন্দরে কর্মসংস্থান লাভ করেছে, যাদের মধ্যে 60% এরও বেশি কুইন্স থেকে এসেছেন।

পোর্ট অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন বলেন, "আমাদের বেসরকারি অংশীদারদের সঙ্গে মিলে আমরা একটি সম্পূর্ণ নতুন লা গার্ডিয়া প্রদান করতে যাচ্ছি, যেখানে সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলো এবং স্থানীয় কমিউনিটিগুলোর মধ্যে অবস্থিত ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সাথে কন্ট্রাক্ট নিশ্চিত করার ব্যাপারে অবিরামভাবে জোর দেয়া হচ্ছে। আমরা যে MWBE এজেন্ডার ক্ষেত্রে ফলাফল নিয়ে আসার জন্য অঙ্গীকারাবদ্ধ এবং শুধু প্রতিশ্রুতির মধ্যেই সীমাবদ্ধ নই এটা তারই প্রমাণ। আর কমিউনিটির প্রতি আমাদের অঙ্গীকারাবদ্ধতাও সমানভাবে গুরুত্ব পাচ্ছে। আমি এটা উল্লেখ করতে পেরে গর্বিত যে লা গার্ডিয়া গেটওয়ে পার্টনার্স ও ডেল্টার অংশীদারিত্বের প্রচেষ্টা কুইন্সের স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে প্রায় 800 মিলিয়ন ডলার প্রদান করেছে।"

পোর্ট অথোরিটির সভাপতি কেভিন ও'টুলি বলেন, "এটি সম্পূর্ণ নতুন লা গার্ডিয়া বিমানবন্দরের জন্য আরেকটি রেকর্ড ভেঙ্গে দেয়ার দিন যা ইতোমধ্যেই প্রত্যাশার চেয়ে বেশি অসাধারণ অর্জন প্রত্যক্ষ করেছে। আজকের এই মাইলফলক আমাদের সব ফ্যাসিলিটিতে MWBE-এর জন্য সুযোগ তৈরি করার জন্য পোর্ট অথোরিটির অবিচল অঙ্গীকারাবদ্ধতার প্রতিফলন। এটি শুধু আমাদের সংস্থার জন্যই নয়, বরং আমাদের বিমানবন্দরের অংশীদারদের জন্য এবং স্থানীয় কমিউনিটি ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য একটি গর্বের দিন, যারা লা গার্ডিয়ার এই চলমান সফলতার গল্পে অত্যন্ত অবিচ্ছেদ্য ভূমিকা পালন করছে।"

পোর্ট অথোরিটির বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি বিষয়ক ভারপ্রাপ্ত চিফ, ক্যারোল বেনেট বলেন, "আমরা এই মাইলফলকটি নিয়ে অনেক বেশি গর্বিত যা আমাদের সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য অর্থপূর্ণ কন্ট্রাক্টে অংশ নেয়ার সুযোগ প্রদানের ফলাফল অর্জনে আমাদের স্থির সংকল্প ও ইচ্ছার প্রমাণস্বরূপ। এটি এমন একটি অঙ্গীকার যা আমাদের সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের সাফল্য নিশ্চিত করতে প্রচার অনুষ্ঠান, কাস্টমাইজকৃত প্রশিক্ষণ কর্মসূচি ও সক্ষমতা গড়ে তোলার সুযোগ তৈরির জন্য আমাদের সামষ্টিক প্রচেষ্টার চালিকাশক্তি হিসেবে কাজ করে।"

অ্যাসেম্বলি সদস্য জেফরিওন অউব্রে বলেন, "লা গার্ডিয়া বিমানবন্দর পুনঃউন্নয়ন কর্মসূচিতে MWBE-এর অংশগ্রহণের ক্ষেত্রে এই ঐতিহাসিক মাইলফলক যে কমিউনিটি

বিমানবন্দর দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হবে সে কমিউনিটি যাতে এটি থেকে সবচেয়ে বেশি সুযোগ-সুবিধা পায় তা নিশ্চিত করার জন্য কয়েক বছর ধরে চলে আসা কার্যকলাপের চূড়ান্ত রূপের প্রতিনিধিত্ব করে। বিমানবন্দরের কর্মসংস্থানগুলোতে স্থানীয় নিয়োগের সংখ্যা প্রায় MWBE সংখ্যার মতোই বিস্ময়কর। এখনো পর্যন্ত পূরণ হওয়া 600টি পদের মধ্যে, দুই-তৃতীয়াংশ নতুন নিয়োগপ্রাপ্ত কুইন্স থেকে এসেছেন। সরকার যখন প্রতিশ্রুতি পূরণে ব্যর্থ হয় তখন তার সম্পর্কে অনেক কিছুই বলা হয়ে থাকে, কিন্তু লা গার্ডিয়ার MWBE কর্মসূচি প্রমাণ করেছে যে সরকার সঠিক কাজও করতে পারে।"

লা গার্ডিয়া গেটওয়ে পার্টনার্স-এর চিফ এক্সিকিউটিভ অফিসার ফ্র্যাঙ্ক স্ক্রেমিন বলেন, "লা গার্ডিয়া পুনঃউন্নয়ন প্রকল্প অনেক দিক থেকেই একটি ইতিহাস সৃষ্টিকারী কর্মসূচিতে পরিণত হয়েছে, যার মধ্যে সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর অংশগ্রহণও অন্তর্ভুক্ত রয়েছে। মেধাবী MWBE ফার্মগুলোর জন্য 2 বিলিয়ন ডলারের কন্ট্রাক্ট নিয়ে আসা একটি প্রকল্পের অংশ হতে পেরে আমরা অত্যন্ত গর্বিত এবং এটি এমন এক প্রকল্প যা আমাদের কুইন্সের প্রতিবেশীদের জন্যেও উল্লেখযোগ্য অর্থনৈতিক সুফল বয়ে আনছে। নিউ ইয়র্ক স্টেটের যেকোনো সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রকল্পের ক্ষেত্রে MWBE-এর সর্ববৃহৎ অংশগ্রহণের পাশাপাশি, আমরা এই ব্যাপারেও গর্বিত যে আমাদের বিনিয়োগকারীদের মধ্যে একজন, JLC ইনফ্রাস্ট্রাকচার (JLC Infrastructure) সনদপ্রাপ্ত সংখ্যালঘু মালিকানাধীন প্রথম ফার্ম হিসেবে নিউ ইয়র্ক স্টেটের কোনো P3 প্রকল্পে ইক্যুইটি বিনিয়োগের মালিক হয়েছে।"

স্ক্যানস্কা USA (Skanska USA)-এর প্রেসিডেন্ট ও CEO, **রিচার্ড কেনেডি বলেন,** "স্ক্যানস্কা ওয়ালশ জয়েন্ট ভেনচার (Skanska Walsh Joint Venture, SWJV) এই নতুন লা গার্ডিয়া বিমানবন্দরের নির্মাণকাজ চলাকালীন সময়ে সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কাছে প্রচারকার্য, প্রশিক্ষণ প্রচেষ্টা এবং কন্ট্রাক্ট প্রদানের একটি রেকর্ড তৈরি করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পেতে কৃতজ্ঞ। এই LGA প্রকল্প থেকে MWBE ও স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে অর্জিত দক্ষতা, অভিজ্ঞতা ও যোগ্যতা গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলোতে ভবিষ্যত সুযোগ তৈরিতে ভূমিকা রাখবে এবং আগামী বছরগুলোতে নির্মাণ শিল্পকে সেবা দিয়ে যাবে।"

ডেল্টার ডিরেক্টর, নিউ ইয়র্ক কর্পোরেট রিয়েল এস্টেট রায়ান মারজুলো বলেন, "আমরা যেসব কমিউনিটিতে সেবা দিয়ে থাকি সেসব কমিউনিটির প্রতিনিধিত্বকারী সরবরাহকারীদের সঙ্গে কাজ করাটা ডেল্টার কর্মক্ষেত্রের মূল্যবোধের একটি অংশ, এবং আমাদের বৃহৎ নির্মাণকাজের কর্মসূচিগুলোতে এই অঙ্গীকারের প্রমাণ দেখতে পাওয়া যায়। ডেল্টা ইতোমধ্যে লা গার্ডিয়া বিমানবন্দরে আমাদের নতুন টার্মিনাল উন্নয়ন প্রকল্পে গুরুত্বপূর্ণ কাজগুলো সম্পন্ন করতে সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে 1 বিলিয়ন ডলারেরও বেশি কন্ট্রাক্ট প্রদান করেছে, যা আমাদেরকে সব কন্ট্রাক্টের 30 শতাংশ MWBE ফার্ম ও কন্ট্রাক্টরদের প্রদান করার লক্ষ্য অতিক্রম করার দিকে এগিয়ে নিয়ে গেছে। নিউ ইয়র্ক কমিউনিটির এসব পেশাজীবীদের সাথে আমাদের এই শক্তিশালী অংশীদারিত্বের জন্য আমরা কৃতজ্ঞ।"

কুইন্সে জ্যামাইকা ভিত্তিক RCGA আর্কিটেক্টস (RCGA Architects)-এর প্রিন্সিপাল ও ফাউন্ডার, রবার্ট গ্যাসকিন বলেন, "লা গার্ডিয়া বিমানবন্দরে আমাদের ফার্মকে 17টি নির্মাণ ও উচ্ছেদ প্রকল্প এবং 8টি নতুন বিশেষ প্রকল্পের জন্য নিযুক্ত করার মধ্য দিয়ে আমাদের জন্য অসংখ্য সুযোগ উন্মুক্ত হওয়ায় আমরা লা গার্ডিয়া পুনঃউন্নয়ন কর্মসূচি এবং পোর্ট অথোরিটির বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি বিষয়ক দপ্তরের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। কোভিডের চলাকালীন এই অর্থনৈতিক ধীরতার সময়ে যখন অন্য সুযোগের সন্ধান পাওয়া মুশকিল হয়ে পড়েছিল তখন লা গার্ডিয়ায় প্রধান টার্মিনালে আমাদেরকে প্রদান করা কন্ট্রাক্টগুলো মহামারী চলাকালীন সময়ে আমাদেরকে কোম্পানির কর্মীদের ধরে রাখতে সাহায্য করেছে।"

পোর্ট অথোরিটির সাথে একজন সনদপ্রাপ্ত MWBE হওয়ার জন্য, অথবা আপনার সনদের অবস্থা চেক করার জন্য, অনুগ্রহ করে এখানে ভিজিট করুন। ভেন্ডর সংস্থানগুলো খুঁজে নিতে এবং সনদপ্রাপ্তির প্রক্রিয়া সম্পর্কে তথ্যের জন্য এখানে যান এবং এখান থেকে ব্যবসায়িক সুযোগ খুঁজে নিন।

লা গার্ডিয়া পুনঃউন্নয়ন প্রকল্প সম্পর্কে

2015 সালে, যাত্রীদের জন্য আধুনিক সুযোগ-সুবিধা, সর্বাধুনিক স্থাপত্য, অধিকতর প্রশস্ত গেট এরিয়া এবং একটি একীভূত টার্মিনাল সিস্টেম, ইত্যাদি বৈশিষ্ট্য নিয়ে একটি বিশ্ব-মানের, 21 শতকের উপযোগী যাত্রী অভিজ্ঞতা তৈরির লক্ষ্য নিয়ে সম্পূর্ণ নতুন একটি লা গার্ডিয়া বিমানবন্দর নির্মাণের জন্য একটি সমন্বিত পরিকল্পনা উন্মোচিত হয়। 8 বিলিয়ন ডলারের এই প্রকল্প, যেটির দুই-তৃতীয়াংশের অর্থায়ন বেসরকারি খাতের অর্থায়ন ও বিদ্যমান যাত্রীদের ভাড়া থেকে যোগান দেয়া হচ্ছে, 2016 সালে শুরু হয়।

2018 সালের ফেব্রুয়ারি মাসে, 3,000 এরও বেশি গাড়ি রাখার জায়গা এবং উবার, লিফট ও অন্যান্য ভাড়ায়-চালিত গাড়ি পরিষেবাগুলোর জন্য একটি নির্ধারিত লেভেল সহ নতুন টার্মিনাল বি পার্কিং গ্যারেজ চালু হয়। 2018 সালের ডিসেম্বর মাসে প্রথম 18টি নতুন গেট এবং টার্মিনাল B-তে প্রথম নতুন কনকোর্স চালু করা হয়। 2019 সালের অক্টোবরে, ডেল্টা এয়ার লাইন্স এর নতুন কনকোর্স ও সাতটি নতুন গেট চালু করে। 2020 সালের জুন মাসে, টার্মিনাল বি-এর নতুন অ্যারাইভাল ও ডিপারচার হল চালু করা হয়। এবং 2020 সালের আগস্ট মাসে, টার্মিনাল বি-তে একটি নতুন কনকোর্সের প্রথম ধাপ চালু করা হয় যার দ্বিতীয় ধাপ 2021 সালের ডিসেম্বর মাসে সম্পন্ন হবে বলে নির্ধারিত হয়। টার্মিনাল সি-তে ডেল্টার নতুন অ্যারাইভাল ও ডিপারচার হলটি 2022 সালের মাঝামাঝি সময়ে চালু হবে।

নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য 21 শতকের উপযোগী গ্রাহক অভিজ্ঞতা প্রদানকারী এই নতুন একীভূত বিমানবন্দরটি বিদ্যমান বিমানবন্দরে কার্যক্রম সচল রেখেই নির্মিত হচ্ছে। নতুন ফ্যাসিলিটিগুলি সম্পন্ন হওয়ায় পুরনো ফ্যাসিলিটিগুলো ভেঙ্গে ফেলা হয় এবং এটি নিশ্চিত করা হয়েছে বিমানবন্দরটি কখনো তার সক্ষমতা হারাবে না। 2022 সালে লা গার্ডিয়া বিমানবন্দরের উল্লেখযোগ্য অংশ সম্পন্ন হয়ে যাবে এবং নিউ ইয়র্কের কোভিড-19 মহামারী থেকে সেরে উঠার সময়ে সমৃদ্ধির জন্য একটি সম্পদে পরিণত হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন